



চাঁদাবাজ রিয়াদ ছিল নাহিদের শেল্টারে, বিষয়টি জানা ছিল: সাংবাদিক জুলকারনাইন সায়ের



সংগৃহীত ছবি

গুলশানে চাঁদাবাজির ঘটনায় গ্রেপ্তার হওয়া আবদুর রাজ্জাক ওরফে রিয়াদ এনসিপি নেতা নাহিদ ইসলামের আশ্রয়ে ছিলেন বলে দাবি করেছেন প্রবাসী সাংবাদিক জুলকারনাইন সায়ের সামি। এক ফেসবুক পোস্টে তিনি নাহিদের প্রতি কিছু জবাবদিহিমূলক প্রশ্ন তুলে ধরে জানান, রিয়াদকে গ্রেপ্তারে তাঁর কোনো সম্পৃক্ততা নেই।

গুলশানে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্যের বাসায় চাঁদাবাজির ঘটনায় গ্রেপ্তার আবদুর রাজ্জাক বিন সুলায়মান ওরফে রিয়াদকে নিয়ে মুখ খুলেছেন প্রবাসী সাংবাদিক জুলকারনাইন সায়ের সামি। তিনি জানিয়েছেন, রিয়াদ যে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামের আশ্রয়ে ছিল, তা তিনি আগেই জানতেন।

৩১ জুলাই নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া একটি পোস্টে তিনি ‘কিছু প্রশ্ন’ শিরোনামে এনসিপি নেতা নাহিদের উদ্দেশ্যে পাঁচটি প্রশ্ন তোলেন:

১. চারিতে ছাত্রশক্তির বিপ্লবের আগেই তাদের লোকবল কত ছিল?

২. দেশের আরও কোন বিশ্ববিদ্যালয়ে ছাত্রশক্তির কার্যক্রম ছিল?

৩. বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমন্বয়কদের নাহিদ ৫ আগস্টের আগেই চিনতেন কি না?

৪. কেবলমাত্র ছাত্রশক্তি দিয়ে বিপ্লব সংঘটনের মতো সংগঠন কাঠামো আদৌ ছিল কি না?

৫. গুটিকয়েক সাংবাদিক ও মানবাধিকারকর্মী প্রকাশ না করলে, সাদিক কায়েমের অবদান জনসমক্ষে আসত কি?

পোস্টের শেষ অংশে ‘পুনশ্চ’ লিখে জুলকারনাইন সায়ের বলেন,

“নাহিদ ইসলাম, আমি স্পষ্ট করে বলছি—রিয়াদকে কোনো ধরনের নজরদারিতে রাখিনি, এমনকি তার গ্রেপ্তারের সিসিটিভি ফুটেজ সংগ্রহেও আমার কোনো হাত নেই।”

তিনি আরও দাবি করেন,

“রিয়াদ যে আপনার এবং আপনার বাবার ঘনিষ্ঠ এবং আপনার শেল্টারে ছিল—তা আমি জানতাম। আপনি আমার ওপর বিরক্ত হয়েছেন, কারণ আপনাকে কেউ ভুল তথ্য দিয়েছে যে, রিয়াদকে ধরিয়ে দিতে আমার বড় ভূমিকা ছিল।”

শেষে জুলকারনাইন বলেন,

“চাঁদাবাজির ঘটনায় রিয়াদের গ্রেপ্তারে আমার কোনো সংশ্লিষ্টতা নেই—এটা আমি দ্ব্যর্থহীনভাবে জানিয়ে দিচ্ছি।”